



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৮ এপ্রিল ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

### খাগড়াছড়িতে ইউপিডিএফ কার্যালয়ে সেনা হামলার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক প্রদীপন খীসা আজ ২৮ এপ্রিল ২০১৫ এক বিবৃতিতে খাগড়াছড়ি জেলা সদরের স্বনির্ভরস্থ ইউপিডিএফ কার্যালয়ে সেনা হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, মঙ্গলবার বিকাল পৌনে ৩টার দিকে কোন কারণ ছাড়াই একদল সেনা সদস্য ইউপিডিএফ কার্যালয়ে হামলা চালিয়ে অফিস স্টাফ জুয়েল চাকমাকে আটক করে নিয়ে যায়। যদিও তাকে অর্ধেক রাস্তা থেকে ছেড়ে দেওয়া হয়েছে।

বিবৃতিতে তিনি আরো জানান, ইউপিডিএফ কার্যালয়ে হামলা ছাড়াও সেনা সদস্যরা মধ্য খবংপুয়া গ্রামে হানা দিয়ে নিজ বাড়ি থেকে বাবলু তালুকদার (৪০), পিতা রবি চন্দ্র তালুকদার ও তাঁর বাড়িতে বেড়াতে আসা দেবনিষ চাকমা (৩৫), পিতা-সুভাষ চাকমা নামে দুই গ্রামবাসীকে আটক করে নিয়ে যায়। এর মধ্যে বাবলু তালুকদার উন্নয়ন বোর্ডের একজন কর্মচারী।

বিবৃতিতে তিনি এ হামলাকে ন্যাক্কারজনক উল্লেখ করে বলেন, একটি গণতান্ত্রিক রাজনৈতিক দলের কার্যালয়ে সেনাবাহিনীর এ ধরনের হামলায় প্রমাণ করে পার্বত্য চট্টগ্রামে কার্যত সেনাশাসনই চলছে। যার মাধ্যমে ইউপিডিএফের গণতান্ত্রিক কার্যক্রমকে দমিয়ে রাখার অপচেষ্টা চালানো হচ্ছে এবং নিরীহ জনগণের উপর দমন-পীড়ন বাড়ানো হয়েছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে সেনা শাসন তুলে নিয়ে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে দেয়া, গ্রামে গ্রামে সেনা অপারেশন ও ধরপাকড় বন্ধ করা এবং আটককৃত দুই গ্রামবাসীকে মুক্তি দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।